

ভন্ড জ্ঞানী

স্বভাব আজব  
ঘুমান তিনি টয়লেটে  
গড়তে রেকর্ড মোসাহেবীর  
বসের দু' পা যান চেটে!

তিনি অনেক জাল্ড্র!  
সুযোগ পেলে সব লুটে নেন  
হালুয়া-রুটি, পাল্ড্র।

করেন চাপাবাজী  
পেছন থেকে ছুরি চালান  
মুখোশ আঁটা পাজী!

মিথ্যে বলায় নেইকো জুড়ি  
করছে দেদার পুকুর চুরি  
আছে হরেক ডিগ্রী !  
ভন্ড জ্ঞানীর দেখা পেলে  
তাড়িয়ে দিও শিষ্ট্রী।

১ মে, ২০০৪  
নিউইয়র্ক

দলের ভেতর দলাদলির  
লাঠিম তিনি ঘুরান  
'এই করেছেন, ঐ করিবেন!  
কথার ফানুস উড়ান।

তিনি নাকি অমুক গাঁয়ের  
লাট সাহেবের পোলা  
নিলাজ হেসে স্বচ্ছ পানি  
করে দেবেন ষোলা।

সুযোগ বুঝে শিকার ধরেন  
আদর পেলে মাথায় চড়েন  
কথায় কথায় বড়াই

ভাঙেন এটা, ছাড়ের ওটা  
টু-পাইস পেলে সমঝোতা  
আমরা তাকে ডরাই!

এই প্রবাসে এমন নেতার  
অনেক ছায়া দেখি  
সভ্য দেশে থেকেও যে  
করছে ওরা, 'একি!'